গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী বিভাগ, রাজশাহী
(সাধারণ শাখা)
www.rajshahidiv.gov.bd

# ২০২০-২১ অর্থ বছরে রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ের নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **জনাব মো: হুমায়ুন কবীর খোন্দকার, বিভাগীয় কমিশনার, রাজশাহী** |
| সভার স্থান | : | বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষ |
| সভার তারিখ | : | ১৩/১২/২০২০ খ্রি. |
| সময় | : | সকাল ১০.৩০ টা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সম্মেলন কক্ষে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভাকে জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর ১নং ক্রমিকে নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভূক্ত আছে। তারই ধারাবাহিকতায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিভিন্ন সূচক বাস্তবায়নের নিমিত্ত এ সভার আয়োজন করা হয়েছে। অত:পর সভাপতি এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর বিভিন্ন কর্মসম্পাদন সূচকসহ গত সভার সিদ্ধান্তসমূহ সভায় তুলে ধরার জন্য অতিরিক্ত বিভাগীয় কমিশনার(সার্বিক), রাজশাহীকে আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে তিনি প্রথমেই সভাকে অবহিত করেন যে, গত সভায় মোট ৪টি সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ :

| ক্র: নং | সিদ্ধান্ত | অগ্রগতি | সিদ্ধান্ত বাস্তবায়নের হার |
|---|---|---|---|
| ১. | এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অংশ হিসেবে স্ব স্ব শাখার কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অংশ হিসেবে স্ব স্ব শাখার কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জনসমূহ শুদ্ধাচার সেলে প্রেরণ করা হচ্ছে। | ১০০% |
| ২. | এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে যথাসময়ে প্রেরণ করতে হবে। | এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর ১ম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন ১৫/১০/২০২০ তারিখের ১৫১৬ নং স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। | |
| ৩. | স্ব স্ব ওয়েব সাইটে শুদ্ধাচার সেবাবক্স নিয়মিত হালনাগাদকরণ করতে হবে। | ওয়েব সাইটে শুদ্ধাচার সেবাবক্সসমূহ হালনাগাদ আছে। | |
| ৪. | সেবা গ্রহীতাদের প্রাপ্য সেবা সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ে প্রদান নিশ্চিত করতে হবে। | সেবা গ্রহীতাদের প্রাপ্য সেবা নির্ধারিত সময়ে প্রদান করা হয় এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা সেবা গ্রহীতাদের পক্ষে কোন ধরনের অভিযোগ পাওয়া যায়নি মর্মে জানান। | |

অত:পর সভায় এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর ১ম ত্রৈমাসিকের অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং অগ্রগতি সন্তোষজনক মর্মে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। ২য় ত্রৈমাসিকের অগ্রগতি বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পনার বিভিন্ন কর্মসম্পাদন সূচকসহ ১২.১ নং ক্রমিকে বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমান প্রতি কোয়ার্টারে ৫০ হাজার টাকার পরিবর্তে ৪র্থ কোয়ার্টারে মোট ২ লক্ষ টাকা লক্ষ্যমাত্রা নির্ধারণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমের বিষয়ে অধিক গুরুত্ব প্রদান করা হয়। সভায় জানানো হয় যে, কর্মচারীদের দক্ষতা মুল্যায়নের ভিত্তিতে পুরস্কার প্রদান অব্যাহত আছে। এছাড়াও শাখা, অধিশাখা এবং অধিনস্থ অফিস পরিদর্শন ও সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণী বিন্যাস বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ১২.১ নং ক্রমিকে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভূক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমান প্রতি কোয়ার্টারে ৫০ হাজার টাকার পরিবর্তে ৪র্থ কোয়ার্টারে মোট ২ লক্ষ টাকা লক্ষ্যমাত্রা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) এ কার্যালয়<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারণ শাখা, এ কার্যালয় |
| ২. | কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণী বিন্যাস অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি), এ কার্যালয় |
| ৩. | কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত শাখা, অধিশাখা এবং আওতাধীন অফিস পরিদর্শন করতে হবে। | ১। বিভাগীয় কমিশনার, রাজশাহী<br>২। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি), এ কার্যালয় |
| ৪. | স্ব স্ব ওয়েব সাইটে শুদ্ধাচার সেবাবক্স নিয়মিত হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে। | ১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), এ কার্যালয়<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী বিভাগ |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

H.Kabir 30.12.2020

**মো: হুমায়ুন কবীর খোন্দকার**
বিভাগীয় কমিশনার
রাজশাহী

স্মারক নং- ০৫.৪৩.০০০০.০১৪.২৫.০০৭.২০. ১৯৩৮ — তারিখ:৩০/১২/২০২০ খ্রি.

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ
৩. জেলা প্রশাসক (সকল) ...................................., রাজশাহী বিভাগ (তাঁর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারগণকে কপি প্রেরণের অনুরোধসহ)
৪. সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (মাঠ প্রশাসন/রাজস্ব/সাধারণ/উন্নয়ন ও আইসিটি/হিসাব ও নেজারত), এ কার্যালয়
৫. বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, রাজশাহী বিভাগ, রাজশাহী
৬. বিভাগীয় কমিশনারের গোপনীয় সহকারী (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩০/১২/২০২০
শাহীন মিয়া
সহকারী কমিশনার
ফোন : ০৭২১-৭৭২৯৮৭

\\ACCOUNT-4\Users\Guest\imran\নৈতিকতা কমিটির (২য় সভা).doc